গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৫১.১৩.০০৪.১৭-১২০

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপকঃ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
সাভার, ঢাকা।

বিষয়ঃ বকেয়া লাম্পগ্রান্ট মঞ্জুর সংক্রান্ত।

জনাব মোঃ মুকিতুল ইসলাম, সাবেক অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা গত ০১/০১/২০১৬ খ্রি. তারিখে চাকরি হতে অবসর উত্তর ছুটিতে (পিআরএল) গমন করেন। মন্ত্রণালয়ের ১০/০২/২০১৬ খ্রি. তারিখের ৩৪.০৫১.০১৩.০০১.০০.০৩.২০১৪-৫২ নং স্মারকে ০১/০১/২০১৬ খ্রি. তারিখ হতে ৩১/১২/২০১৬ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্রান্ট ৪,২৯,১২৪/- (চার লক্ষ উনত্রিশ হাজার একশত চব্বিশ) টাকা মঞ্জুর করা হয়। তিনি চাকরিতে কর্মরত থাকা অবস্থায় উচ্চতর গ্রেড প্রাপ্য হওয়ায় মন্ত্রণালয়ের ০১/০২/২০১৭ খ্রি. তারিখের ৩৪.৫১.০০০০.০০৩.০০. ০৩৬.১৬-৩৪ নং স্মারকে প্রাপ্যতার তারিখ ১৫/১২/২০১৫ খ্রি. উল্লেখপূর্বক তার উচ্চতর গ্রেড মঞ্জুর করায় সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক তার মূল বেতন ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা পুন:নির্ধারণ করা হয়। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যাশিত শেষ বেতন প্রত্যয়ন (ইএলপিসি) অনুযায়ী অবসর উত্তর ছুটি (পিআরএল) আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে পুন:নির্ধারিত মূল বেতন ৫৪,০৮০/- (চুয়ান্ন হাজার আশি) টাকা হওয়ায় তার প্রাপ্য দাঁড়ায় ৫,১১,৯৫৭/- (পাঁচ লক্ষ এগার হাজার নয়শত সাতান্ন) টাকা। তার প্রাপ্য ও উত্তোলিত লাম্পগ্রান্টের পার্থক্য অর্থাৎ (৫,১১,৯৫৭ - ৪,২৯,১২৪) = ৮২,৮৩৩/- (বিরাশি হাজার আটশত তেত্রিশ) টাকা বকেয়া লাম্পগ্রান্টের প্রশাসনিক মঞ্জুরি নির্দেশিত হয়ে জ্ঞাপন করছি।

স্বাঃ/-
কামরুল হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫০৯

নং-৩৪.০০.০০০০.০৫১.১৩.০০৪.১৭-১২০ তারিখ: ২৯/০৩/২০১৭ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মহাপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। জনাব মোঃ মুকিতুল ইসলাম, সাবেক অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা।
০৪। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা।
০৫। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
(আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭। অফিস কপি।

২৯/০৩/১৭

কামরুল হাসান
সিনিয়র সহকারী সচিব